দারিয়াপুরে বাঙালি ঐতিহ্য শীতকালিন পিঠা উৎসব অনুষ্ঠিত

মুজিবনগরে দারিয়াপুরে জাঁকজমকভাবে অনুষ্ঠিত হয়ে গেলো বাঙালির ঐতিহ্য পিঠা উৎসব ২০২৫। ইভুলেশন অব দারিয়াপুরের আয়োজনে, আজ শুক্রবার দিনব্যাপী দারিয়াপুর ভৈরব নদীর তীরে খেলার মাঠে এ পিঠা উৎসব অনুষ্ঠিত হয়। মুজিবনগর উপজেলা নির্বাহী কর্মকর্তা পলাশ মন্ডল প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে দিন ব্যাপি পিঠা উৎসবের উদ্বোধন করেন।

ইভুলেশন অব দারিয়াপুরের সংগঠনের সদস্য ওয়াসিম আকরাম এর সঞ্চালনায় উদ্বোধন অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা প্রেসক্লাবের সভাপতি তোজাম্মেল আযম, মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি ওমর ফারুক প্রিন্স, সাধারণ সম্পাদক হাসান মোস্তাফিজুর রহমান, মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মিজানুর রহমান, দারিয়াপুর বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক আনারুল ইসলাম।

আয়োজকদের মধ্যে ছিলেন, ইভুলেশন অব দারিয়াপুর সংগঠনের সদস্য ফয়সাল আহম্মেদ তামিম, আব্দুল জাব্বার, সালাউদ্দিন লিজন, তানভির হোসেন, সাজেদুল হক জীবন। পিঠা উৎসব সম্পর্কে আয়োজকরা বলেন প্রতিবছরই ইভুলেশন অব দারিয়াপুরের আয়োজনে বাঙালির ঐতিহ্যকে ধরে রাখতে এবং নতুন প্রজন্মকে বাঙালির এই পিঠার সাথে পরিচয় করিয়া দেওয়ার জন্য এই পিঠা উৎসবের আয়োজন করা হয়। এবারও অত্যন্ত জাঁকজমকপূর্ণভাবে এই পিঠা উৎসবের আয়োজন করা হয়েছে এই উৎসবে বিভিন্ন গ্রামের যুবক যুবতী ও মায়েরা বাঙালির ঐতিহ্য বিভিন্ন ধরনের পিঠা তৈরি করে এই উৎসবে নিয়ে এসেছেন।

পিঠা উৎসবে মোট ২০টি স্টল দেয়া হয়। বাহারীসব পিঠার পসরা সাজিয়ে বসেছিল পিঠার কারিগররা। উদ্বোধন শেষে স্টল গুলো ঘুরে দেখেন অতিথিরা।

[redacted]

[redacted]” [redacted]

[redacted] (a) [redacted] (b) [redacted] (c) [redacted] (d) [redacted]

[redacted]

[redacted]

[

তারুণ্যের মেলা অনুষ্ঠিত

মেহেরপুর সদর উপজেলার বাড়িবাঁকা সীমান্ত মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে শিক্ষার্থীদের অংশগ্রহণে “এসো দেশ বদলাই, পৃথিবী বদলাই” এই প্রতিপাদ্যে তারুণ্যের মেলা ২০২৫ অনুষ্ঠিত হয়েছে।

সোমবার (১৩ জানুয়ারি) সকাল ১০টায় মেহেরপুর সদর উপজেলার বুড়িপোতা ইউনিয়নের বাড়িবাঁকা সীমান্ত মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের মাঠ প্রাঙ্গণে এই মেলার আয়োজন করা হয়।

তিন দিনব্যাপী চলমান এই মেলায় বিদ্যালয়ের ৭ম থেকে ১০ম শ্রেণির শিক্ষার্থীরা বাংলাদেশের ঐতিহ্যবাহী ও প্রাচীন সংস্কৃতির নানা উপকরণ প্রদর্শন করে। শিক্ষার্থীদের সৃজনশীলতা ও ঐতিহ্যের প্রতি আগ্রহ দর্শকদের মুগ্ধ করে।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা শিক্ষা অফিসার মোঃ হযরত আলী। শিক্ষার্থীদের তৈরি প্রদর্শনী দেখে তিনি অত্যন্ত খুশি হন এবং তাদের প্রশংসা করেন। তিনি তার বক্তব্যে বলেন, এই ধরনের আয়োজন নতুন প্রজন্মকে দেশপ্রেম ও সংস্কৃতির প্রতি আরও আগ্রহী করে তুলবে।

এসময় বাড়িবাঁকা সীমান্ত মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক শাশ্বত নিপ্পন, মেহেরপুর প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক মাহবুব চান্দুসহ বিদ্যালয়ের শিক্ষক ও অভিভাবকগণ উপস্থিত ছিলেন।

মেলা ঘিরে পুরো বিদ্যালয় প্রাঙ্গণে উৎসবমুখর পরিবেশ সৃষ্টি হয়েছে। স্থানীয় অভিভাবক ও গণ্যমান্য ব্যক্তিরাও মেলায় অংশ নেন এবং শিক্ষার্থীদের কাজের প্রশংসা করেন।

মুজিবনগরের বাগোয়ানে বিশেষ

কর্মশালা অনুষ্ঠিত

তারুণ্যের উৎসব ও নতুন বাংলাদেশ গড়ার লক্ষ্যে মুজিবনগরের বাগোয়ানে তারুণ্যের ভাবনাই নতুন বাংলাদেশ শীর্ষক বিশেষ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

রবিবার (১২ জানুয়ারি) সকালে “এসো দেশ বদলায়, পৃথিবী বদলায়” এই স্লোগানে বাগোয়ান ইউনিয়ন কার্যালয়ে এ কর্মশালাটি আয়োজন করা হয়।

কর্মশালায় উপস্থিত তরুণরা তাদের লেখনীর মাধ্যমে নতুন বাংলাদেশের রূপরেখা তুলে ধরেন। তারা বিশ্বাস করেন, ঐক্যবদ্ধ প্রচেষ্টাই পারে নতুন বাংলাদেশের ভিত্তি গড়ে তুলতে।

তরুণরা কর্মশালায় উল্লেখ করেন যে, তরুণ প্রজন্মের মেধা ও দক্ষতা বাড়ানোর মাধ্যমে দেশকে আরও উন্নত করা সম্ভব। মোবাইল আসক্তি কমাতে গ্রাম ও শহরে খেলাধুলার আয়োজন বাড়ানোর প্রস্তাব করেন। একটি স্বচ্ছ ও দুর্নীতিমুক্ত সমাজ প্রতিষ্ঠার জন্য সবাইকে এগিয়ে আসার আহ্বান জানান। ধর্ম, বর্ণ, জাতি-গোষ্ঠীর ভেদাভেদহীন বাংলাদেশ গড়তে একতাবদ্ধ থাকার তাগিদ দেন। নৈতিক মূল্যবোধ জাগিয়ে তুলতে এবং মাদকমুক্ত একটি শান্তিপূর্ণ দেশ গড়তে উদ্যোগ নেওয়ার পরামর্শ দেন। শিক্ষার মান উন্নয়ন এবং মানুষের মৌলিক চাহিদা পূরণ নিশ্চিত করার বিষয়ে গুরুত্বারোপ করেন। সাইবার বুলিং ও সাইবার ক্রাইম রোধে সচেতনতা বৃদ্ধি করার আহ্বান জানান।

বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আইয়ুব হোসেনের সভাপতিত্বে কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা বিআরডিপি অফিসার কাওসার আলী।

ইউনিয়ন পরিষদের ৬ নম্বর ওয়ার্ড সদস্য বাবুল মল্লিকের সঞ্চালনায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বীর মুক্তিযোদ্ধা হাজী আহসান আলী খান, মুজিবনগর প্রেসক্লাবের সাধারণ সম্পাদক হাসান মোস্তাফিজুর রহমান, বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের মুখ্য সংগঠক শাওন শেখ, ইউনিয়ন পরিষদের প্রশাসনিক কর্মকর্তা রওনক জাহান, হিসাব সহকারি হাসানুজ্জামান খান উজ্জলসহ ইউনিয়ন পরিষদের ওয়ার্ড সদস্য বৃন্দ এবং বিদ্যালয়ে ছাত্র-ছাত্রীরা এই কর্মশালায় অংশগ্রহণ করেন।

গাংনী উপজেলা প্রেসক্লাবের মাসিক সভা অনুষ্ঠিত

গাংনী উপজেলা প্রেসক্লাবের কার্যনির্বাহী কমিটির প্রথম মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে। আজ মঙ্গলবার সকাল সাড়ে ১১টায় প্রেসক্লাবের সম্মেলন কক্ষে এই সভা অনুষ্ঠিত হয়।

সভায় প্রেসক্লাবের সভাপতি জুলফিকার আলী কাননের সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক মিয়াদুল ইসলামের পরিচালনায় উপস্থিত ছিলেন সাবেক সভাপতি এমএ লিংকন, সাবেক সাধারণ সম্পাদক এমএন পাভেল, দফতর সম্পাদক এজাজ উদ্দিন ছোটন, প্রচার সম্পাদক রকিবুল ইসলাম রকি, সদস্য বদরুজ্জামান, প্রেসক্লাবের সদস্য সিনিয়র সাংবাদিক আক্তারুজ্জামান, হাসানুজ্জামান, তরিকুল ইসলাম, ফিরোজ আহমেদ পলাশ।

সভায় সকলের সম্মিলিত প্রচেষ্টার মাধ্যমে প্রেসক্লাবের সার্বিক উন্নয়ন, প্রতি মাসের ১০ তারিখের মধ্যে অর্থ সম্পাদকের কাছে মাসিক চাঁদা আদায়, সদস্যদের চাঁদার অর্থ ব্যাংক একাউন্টের মাধ্যমে ডিপিএস ফান্ডের কল্যান তহবিলে নিয়মিত জমা করা, পরপর তিন মাস চাঁদার টাকা না দিলে সাংগঠনিক ব্যবস্থা নেয়া, সভায় অনুপস্থিত সদস্যদের কারণ দর্শানোর নোটিশ প্রদান, গঠনতন্ত্র বিরোধী কর্মকান্ডে লিপ্তদের বিরুদ্ধে সাংগঠনিক ব্যবস্থা গ্রহন, বার্ষিক বনভোজন, প্রয়োজনীয় নথিপত্র সংরক্ষণে ডেক্স ও আলমারি সংযোজনসহ বিভিন্ন বিষয়ে আলোচনা ও গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গৃহীত হয়।

মুজিবনগরে যৌথসভা ও ই-

প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত

সমবায়ে গড়ব দেশ, বৈষম্যহীন বাংলাদেশ”এই প্রতিপাদ্যে মুজিবনগরে সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচি (সিভিডিপি) প্রকল্প-৩য় পর্যায়ে (আরডিএ অংশ) সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতির সদস্যবৃন্দের অংশগ্রহণে মাসিক যৌথসভা ও ই-প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হয়েছে।

মুজিবনগর সহকারী প্রকল্প পরিচালকের কার্যালয় (সিভিডিপি) প্রকল্প-৩য় পর্যায়ের আয়োজনে উপজেলা পরিষদ হলরুমে আজ সোমবার দিনব্যাপী এই মাসিক যৌথসভা ও ই-প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হয়।

মুজিবনগর উপজেলা সমবায় অফিসার মাহবুবুল হক মন্টুর সভাপতিত্বে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার খাইরুল ইসলাম, মেহেরপুর জেলা সমবায় অফিসার প্রভাস চন্দ্র বালা, মুজিবনগর থানার অফিসার ইনচার্জ ওসি মিজানুর রহমান।

এছাড়াও উপস্থিত ছিলেন উপজেলা সমবায় অফিসের সহকারী পরিদর্শক শাহিনুজ্জামান, উপজেলা সমবায় অফিসের অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর সাঈদ আনোয়ার।

দিনব্যাপী যৌথসভা ও ই-প্রশিক্ষণ কোর্সে মুজিবনগর উপজেলার ১৬ টি সার্বিক গ্রাম উন্নয়ন সমিতির ১২০ জন সদস্য ও সদস্যা অংশগ্রহণ করেন।

ঝিনাইদহে কৃষক প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত

ঝিনাইদহে উন্নত পদ্ধতিতে খেজুর গাছের পরিচর্যা, নিরাপদ রস সংগ্রহ ও গুড় উৎপাদন বিষয়ক কৃষকদের প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার (২৮ ডিসেম্বর) সকালে সদর উপজেলা অডিটোরিয়ামে জেলার ১০০ জন উদ্দোক্তা ও খেজুর গাছীকে প্রশিক্ষন দেওয়া হয়। বাংলাদেশ সুগার ক্রপ গবেষণা ইন্সটিটিউট পাবনা’র আয়োজনে প্রশিক্ষন

কর্মশালা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন কৃষি মন্ত্রণালয়ের সম্প্রসারণ অনুবিভাগের অতিরিক্ত সচিব জাকির হোসেন।

গেস্ট অব অনার হিসাবে উপস্থিত ছিলেন হেরিটেজ বাংলাদেশের মহাপরিচালক ও বাংলাদেশ সুপ্রিমকোটের সিনিয়র আইনজীবী এ্যাডভোকেট শাহিদা খান।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ডিএই হর্টিকালচার উইং এর পরিচালক কৃষিবিদ এস এম সোহরাব উদ্দিন, ডিএই যশোর অঞ্চলের ভারপ্রাপ্ত অতিরিক্ত পরিচালক ড. মোশাররফ হোসেন , অতিরিক্ত জেলা প্রশাসক সার্বিক সাইফুর রহমান, কৃষি অধিদপ্তরের উপপরিচালক ষষ্টি চন্দ্র রায়। সভায় সভাপতিত্ব করেন বিএসআরআই এর মহাপরিচালক ড. কবির উদ্দিন আহমেদ।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে অতিরিক্ত সচিব জাকির হোসেন বলেন, খেজুরের গুড় ও রসের জন্য ঝিনাইদহ জেলার সুনাম সারা দেশে। মানসম্মত গুড় তৈরীতে উন্নত পদ্ধতিতে খেজুর গাছের পরিচর্যা, নিরাপদ রস সংগ্রহ ও গুড় উৎপাদনের লক্ষ্যে প্রশিক্ষণ কর্মশালা।

তিনি আরো বলেন, নিরাপদ গুড়ের জন্য নিরাপদ রসের প্রয়োজন। খেজুর গাছের মিষ্টি রসের কারনে বিভিন্ন সময় দিনে-রাতে পাখ-পাকালি ও সরীসৃপ জাতীয় প্রানীর আনাগোনা থাকে। এসকল প্রানীর জীবানু থেকে নিরাপদ রস ও গুড় উৎপাদন করতে উন্নত ও নিরাপদ পদ্ধতি অবলম্বন করতে হবে।

অনুষ্ঠান শেষে জেলার সর্বোচ্চ খেজুর গাছ রোপনকারী গাছী ও উদ্দোক্তাদের মাঝে ক্রেস্ট ও মেডেল প্রদান করা হয়।

দামুড়হুদায় ”শুভ সাধু সংঘ ও

পাগল মেলা” অনুষ্ঠিত

আশেকান প্রয়াণ সাধু জাহিদ পাগলের প্রথম স্মরণ দিবস উপলক্ষে দামুড়হুদা উপজেলার ইব্রাহিমপুর গ্রামে শুভ সাধু সংঘ ও পাগল মেলায় আশেকানদের সংগীত প্রতিযোগিতা-২০২৪ অনুষ্ঠিত হয়েছে।

আজ শুক্রবার (২৭ ডিসেম্বর) রাত ৮ টায় উপজেলার জুড়ানপুর ইউনিয়নের ইব্রাহিমপুর গ্রামের মীরপাড়ায় এ অনুষ্ঠিত হয়।

তৌহিদুল ইসলাম মাষ্টারের সভাপতিত্বে পাগল মাস্তান আশেকান ভক্তবৃন্দর আয়োজনে ও নাজমা পারভীন মঞ্জুর সার্বিক তত্বাবধানে অনুষ্ঠিত শুভ সাধু সংঘ ও পাগল মেলায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা বিএনপির সভাপতি মনিরুজ্জামান মনির।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু, দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি শামসুজ্জোহা পলাশ, দামুড়হুদা সদর ইউনিয়ন বিএনপির সভাপতি আব্দুর রহিম, জুড়ানপুর ইউনিয়ন বিএনপির সভাপতি ইদ্রিস আলী, সাধারণ সম্পাদক রুহুল আমিন, সাংগঠনিক সম্পাদক আসলাম আলী, দামুড়হুদা সদর ইউনিয়ন বিএনপির যুগ্ন-সাধারণ সম্পাদক আনছার আলী, উপজেলা কৃষকদলের যুগ্ম-সাধারণ সম্পাদক আতিয়ার রহমান চুন্নু, কৃষকদলের নেতা রোকনুজ্জান তোতাম, শামসুল আলম, উপজেলা যুবদলের যুগ্ন-আহ্বায়ক তারিকুল ইসলাম লিটন।

উদ্বোধনী সংগীত পরিবেশন করেন বিশেষ অতিথি জেলা বাউল কল্যান সংস্থার সাধারণ সম্পাদক মুসলিম উদ্দিন জুড়ন শাহ। আরো উপস্থিত ছিলেন, আব্দুর রাজ্জাক, ফরহাদ, রাজন, আ: মজিদ, খায়রুল ও বকুল মীর।

গাংনীতে জামায়াতের শিক্ষা

[redacted]

[redacted] [redacted] [redacted] [

জেলা বৈষম বিরোধী ছাত্র আন্দোলনের সংগঠক আশিক রাব্বির সঞ্চালনায় মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন, জাতীয় নাগরিক কমিটির মাহমুদুল হাসান।

অতিথি হিসেবে বক্তব্য রাখেন জাতীয় নাগরিক কমিটির কেন্দ্রীয় সংগঠক নাঈম আহমেদ। স্বাগত বক্তব্য রাখেন হাসনাত জামান সৈকত, সমাপনী বক্তব্য রাখেন জাতীয় নাগরিক কমিটি কেন্দ্রীয় সদস্য শাকিল আহমেদ।

এ ছাড়াও উপস্থিত ছিলেন তামিম ইকবাল, আরিফ খান, তুষার, আমির হামজা, শাওন শেখ ও বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের নেতৃবৃন্দ এবং নাগরিক সমাজের প্রতিনিধি।